ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

20 MAY 1989

তাং 20 MAY 1989
পৃষ্ঠা ... কলাম 1 ...

ফোরামের সুপারিশ

# প্রযুক্তি আমদানীর জন্য নির্দিষ্ট নীতি দরকার

বাংলাদেশের শিল্প উন্নয়নে প্রযুক্তি পরিকল্পনা সম্পর্কিত ৫-দিনব্যাপী ফোরামে দেশে বিজ্ঞান ও প্রযুক্তির বিকাশ সাধনে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের দায়িত্ব সুনির্দিষ্টভাবে চিহ্নিত করতে কতিপয় সুপারিশ করা হয়েছে। গত পরশু ঢাকায় এ ফোরামের বৈঠক সমাপ্ত হয়।

গতকাল ঢাকায় এক সাংবাদিক সম্মেলনে ফোরামের ফলাফল ব্যাখ্যা করে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন যে, বাংলাদেশে প্রযুক্তি ভিত্তিক শিল্প উন্নয়নের জন্য সম্ভাব্য কৌশলাদি সম্পর্কে ফোরামে অংশগ্রহণকারীরা একটা সর্বসম্মত ঐক্যমতে উপনীত হয়েছেন। খবর বাসসর।

বিজ্ঞান ও প্রযুক্তি ডিভিসনের সচিব জনাব আহমেদ ফরিদও সাংবাদিক সম্মেলনে ভাষণ দেন।

শেখ শহীদ বলেন, দেশের আর্থ-সামাজিক উন্নয়ন কর্মসূচীতে প্রযুক্তি পরিকল্পনা সমন্বিত করতে একটি সম্ভাবনাময় পরিকল্পনার অধীনে এই বারই সর্বপ্রথম বাংলাদেশের চতুর্থ পাঁচসালা পরিকল্পনা প্রণীত হচ্ছে।

তিনি বলেন, এ লক্ষ্যে পরিকল্পনা কমিশন আগামী জুলাই থেকে সংশোধিত প্রকল্প প্রোফর্মা চালু করতে যাচ্ছে।

শেখ শহীদ বলেন। ফোরামে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

13

## প্রযুক্তি আমদানী

(১ম পৃঃ পর)

অংশগ্রহণকারীরা প্রযুক্তি আমদানীর জন্য নির্দিষ্ট নীতি প্রণয়নের প্রয়োজনীতা সম্পর্কে সর্বসম্মতভাবে একমত হন। বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে গবেষণা কাজের সুযোগ-সুবিধা প্রবর্তন, ইঞ্জিনীয়ারিং ডিজাইন চালু ও জাতীয় কোড ও স্ট্যান্ডার্ড প্রবর্তনের জন্য তারা সুপারিশ করেন।